

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 25-08-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, ডোনার মন্ত্রকের আর্থিক সহায়তায় রাজ্যে বিদ্যুৎ পরিবাহী ব্যবস্থার আধুনিকীকরণের উদ্যোগ নেওয়া হয়েছে।
- (২) এবছর শিক্ষক দিবস উপলক্ষ্যে জাতীয় শিক্ষক পুরস্কার পাচ্ছেন গোমতী জেলার হরিয়ানন্দ ইংলিশ মিডিয়াম স্কুলের শিক্ষিকা বিদিশা মজুমদার।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দুদিনের গুজরাট সফরে গেছেন।
- (৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ১৩০তম সংবিধান সংশোধনী বিলের বিরুদ্ধে বিক্ষোভের জন্য বিরোধী দলগুলির তীব্র সমালোচনা করেছেন।

Power Minister :

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, ডোনার মন্ত্রকের আর্থিক সহায়তায় রাজ্যে বিদ্যুৎ পরিবাহী ব্যবস্থার আধুনিকীকরণের উদ্যোগ নেওয়া হয়েছে। এর দায়িত্বে রয়েছে বিদ্যুৎ পরিবহন সংস্থা ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেড বা টি.পি.টি.এল। আজ আগরতলা শহর সংলগ্ন বোধজংনগরে এক অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি এই অনুষ্ঠানে ১৩২ কেভি উচ্চতাপ সহন ক্ষমতা সম্পন্ন নয়টি ট্রান্সমিশন লাইনের পুনঃসংযোগ ব্যবস্থার শিলান্যাস করেন। এর জন্য ব্যয় হবে ১২৬ কোটি ৩৩ লক্ষ টাকা।

বিদ্যুৎমন্ত্রী বলেন, এই কাজটি সম্পন্ন হলে রাজ্যে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা আরও মসৃণ ও উন্নত হবে। তিনি বলেন, ২০৩১-৩২ অর্থবছরে রাজ্যের বিদ্যুৎ চাহিদা বৃদ্ধি পেয়ে ৭০০ মেগাওয়াট হবে, সেই লক্ষ্যকে সামনে রেখে এই উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, রাজ্যে বর্তমানে বিদ্যুৎ গ্রাহকের

সংখ্যা বেড়ে হয়েছে ১০ লক্ষ ৭১ হাজার। সমস্ত বিদ্যুৎ গ্রাহক বিদ্যুৎ বিল পরিশোধ করলে বিদ্যুৎ মাশুল কমানো সম্ভব হতো। বোধজংনগর, খয়েরপুর, জিরানীয়া প্রভৃতি এলাকার পরিসংখ্যান তুলে ধরে তিনি বলেন এসব এলাকায় গড়ে প্রায় ৫০ শতাংশ ভোক্তা বিদ্যুৎ বিল মিটিয়ে থাকেন। বিদ্যুৎ উৎপাদনে আত্মনির্ভরশীল হবার জন্য পিএম সূর্য ঘর সৌর বিদ্যুৎ যোজনায় যুক্ত হতে তিনি সবার প্রতি আহ্বান জানান। বিদ্যুৎমন্ত্রী বলেন, ইতিমধ্যে রাজ্যে পিএম সূর্য ঘর যোজনায় ৬০০ জন ভোক্তা অন্তর্ভুক্ত হয়ে ২ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হয়েছেন। তিনি বলেন, রাজ্যে বিদ্যুৎ চুরি বন্ধে নতুন পদ্ধতি ড্রোন প্রযুক্তি ব্যবহার করার এবং বিদ্যুৎ সরবরাহ বন্ধ না করেই কিভাবে পরিবাহী লাইনে প্রয়োজনে মেরামত করা যায় সে জন্য Live Line Maintenance Technique নামে নতুন এক পদ্ধতি চালুর জন্য দরপত্র ডাকা হয়েছে। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী, পুরান আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন ঝর্ণা রানী দাস প্রমুখ।

National Award :

এবছর শিক্ষক দিবস উপলক্ষ্যে জাতীয় শিক্ষক পুরস্কার পাচ্ছেন গোমতী জেলার হরিয়ানন্দ ইংলিশ মিডিয়াম স্কুলের শিক্ষিকা বিদিশা মজুমদার। আজ কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের অধিকর্তা ভগবতি প্রসাদ কালাল এ খবর জানিয়েছেন। তিনি জানান, আগামী ৫ই সেপ্টেম্বর দিল্লিতে বিজ্ঞান ভবনে জাতীয় শিক্ষক পুরস্কার প্রাপকদের হাতে সম্মান তুলে দেওয়া হবে। এবছর দেশের মোট ৩৩ জনকে জাতীয় শিক্ষক পুরস্কার দেওয়া হবে।

Minister Kishor Barman :

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মণ আজ নলছড় ব্লকের তক্রাপাড়া গ্রাম পঞ্চায়েতে "আমার সরকার" শীর্ষক এক বিশেষ প্রচার কর্মসূচিতে অংশ নেন। এই কর্মসূচির অঙ্গ হিসেবে তিনি নলছড় ব্লকে ২১টি গ্রাম পঞ্চায়েত ও ৪টি ভিলেজ কমিটি এলাকায় সবকটি ওয়ার্ডে মানুষের বিভিন্ন সমস্যার খোঁজ

নিতে বাড়ি বাড়ি যান। সঙ্গে ছিলেন ত্রিস্তর পঞ্চায়েতের স্থানীয় জনপ্রতিনিধি ও আধিকারিকরা।

Minister Sudhangshu Das :

মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, ফটিকরায় বিধানসভা কেন্দ্রের পশ্চিম কাঞ্চনবাড়িতে T.S.R এর ১৫ নং ব্যাটেলিয়নের সদর দপ্তর স্থাপন করা হবে। এর জন্য ৪৮ হেক্টর জমি চিহ্নিত করা হয়েছে। ফটিকরায় তহশিল কাছারীর পাশে "মৎস্য সচেতনতা ও প্রশিক্ষণ কেন্দ্র" এর ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুমতি দাশ প্রমুখ।

Blood Donation :

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ জিরানীয়ার রানীরবাজারে বিজেপি মজলিশপুর মন্ডল আয়োজিত রক্তদান শিবির, বস্ত্রদান ও বৃক্ষরোপন কর্মসূচিতে অংশগ্রহণ করেন। শ্রী চৌধুরী রক্তদানের প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি বলেন এই ধরনের কর্মসূচির উদ্দেশ্য হল সাধারণ জনগণকে রক্তদানে উৎসাহিত করা। শিবিরে ৪০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

Maan Ki Baat-Bikash Debbarma :

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, 'মন কি বাত' কেবল একটি অনুষ্ঠান নয়, এটি সাধারণ মানুষের কণ্ঠস্বরকে জাতীয় পরিসরে পৌঁছে দেওয়ার একটি মহৎ উদ্যোগ। ত্রিপুরার জনজাতি মানুষদের জন্য এটি আত্মবিশ্বাস জাগানোর এক নতুন অধ্যায়। আগামী ৩১শে আগস্ট রবিবারের 'মন কি বাত' অনুষ্ঠানকে সফল করতে আজ তেলিয়ামুড়া

মহকুমার মুঙ্গিয়াকামি শক্তি কেন্দ্রে আয়োজিত এক প্রস্তুতি বৈঠকে একথা জানান তিনি।

BJP :

বিজেপি মাইনরিটি মোর্চা উদ্যোগে আজ আগরতলায় বিজেপি রাজ্য কার্যালয়ে এক অনুষ্ঠানে ৩১২ জনকে ডঃ কালাম স্টার্ট আপ ইয়ুথ এওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, বিজেপি মাইনরিটি মোর্চার রাজ্য সভাপতি বিল্লাল মিয়া।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

PM-Gujarat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দু'দিনের গুজরাট সফরে গেছেন। আজ তিনি আহমেদাবাদে ৫ হাজার ৪০০ কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন। জনসাধারণের উদ্দেশ্যে ভাষণ দেওয়ার

সময়, প্রধানমন্ত্রী পেহেলগাম সম্পর্কে তাঁর অনুভূতি তুলে ধরেন এবং অগ্রগতি এবং পরিকাঠামোগত উন্নয়নের প্রতি তাঁর সরকারের প্রতিশ্রুতি তুলে ধরেন।

#####Byte-PM#####

সফরের দ্বিতীয় দিনে, আগামীকাল প্রধানমন্ত্রী আহমেদাবাদের হনসলপুরে হাইব্রিড ব্যাটারি ইলেক্ট্রোডের স্থানীয় উৎপাদন এবং ১০০টি দেশে ব্যাটারি বৈদ্যুতিক যানবাহন রপ্তানির উদ্বোধন করবেন।

Amit Shah :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ১৩০তম সংবিধান সংশোধনী বিলের বিরুদ্ধে বিক্ষোভের জন্য বিরোধী দলগুলির তীব্র সমালোচনা করেছেন। এক সংবাদ সংস্থাকে দেওয়া সাক্ষাৎকারে শ্রী শাহ অভিযোগ করেছেন, বিরোধী নেতারা জেলে থাকা সত্ত্বেও সরকার গঠন এবং পরিচালনা করার চেষ্টা করছেন। তিনি বিলের বিরুদ্ধে বিরোধী দলগুলির বিক্ষোভকে অগণতান্ত্রিক বলে অভিহিত করেছেন। তিনি উল্লেখ করেন, প্রধানমন্ত্রী নিজেই এই বিলের আওতায় প্রধানমন্ত্রীর পদকেও আনার জন্য জোর দিয়েছিলেন। ভারতের জনপ্রতিনিধিত্ব আইনের উদ্ধৃতি দিয়ে শ্রী শাহ বলেন, কোনও নির্বাচিত প্রতিনিধিকে দুই বছর বা তার বেশি কারাদণ্ড দেওয়া হলে তাঁকে সাংসদ পদ থেকে অব্যাহতি দেওয়ার সংস্থান রয়েছে। যৌথ সংসদীয় কমিটিতে বিরোধীদের বয়কট সম্পর্কে শ্রী শাহ বলেন, জেপিসি তার কাজ করবে।

#####Byte-Amit Shah#####

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৫তম পর্ব। বেলা

১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

Online gaming :

অনলাইন গেমিং বিল ২০২৫ গত একুশে আগস্ট সংসদের অনুমোদন পেয়েছে। দেশের যুব অংশ সহ সমস্ত অংশের দরিদ্র মানুষকে আর্থিকভাবে সর্বস্বান্ত হওয়া থেকে রক্ষা করতে এই বিলে কঠোর পদক্ষেপের সংস্থান রয়েছে। এই বিষয়ে আজ রাত ৯টায় শুনতে পাবেন আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগ প্রযোজিত এক অনুষ্ঠান।

Voice Over-National Sports Day :

ভারতীয় হকির কিংবদন্তী খেলোয়াড় প্রয়াত মেজর ধ্যানচাঁদের অবদানকে স্মরণ করতে এবং শ্রদ্ধা জানাতে চলতি বছরে ২৯ থেকে ৩১ আগস্ট সারা দেশে জাতীয় ক্রীড়া দিবসের নানা কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। অলিম্পিকের আসর যে বিশ্বজনীন মূল্যবোধ এবং সৌভ্রাতৃত্বের আদর্শগত ভাবনায় আয়োজিত হয়ে থাকে একেও গুরুত্বসহকারে তুলে ধরা এই দিবস উদযাপনের অন্যতম দিক। একটি প্রতিবেদন।

#####VC#####

Deputation Auto :

ত্রিপুরা অটোরিকশা ওয়ার্কাস ইউনিয়ন রাজ্য কমিটির পক্ষ থেকে আজ পরিবহন দপ্তরের যুগ্ম অধিকর্তার কাছে ডেপুটেশন প্রদান করা হয়েছে। সংগঠনের পক্ষে অমল চক্রবর্তী জানান শহরে অটো চলাচল সংক্রান্ত নির্দেশিকা নিয়ে অটো চালকদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি হয়েছে। এই কারণে নির্দেশিকাটি আপাতত স্থগিত রাখার জন্য সংগঠনের পক্ষ থেকে দাবি জানানো হয়েছে।

Weather :

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস।
